

‘বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন’



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

[www.coop.gov.bd](http://www.coop.gov.bd)

নং- ৪৭.৬১.০০০০.০০৪-০৯.০০৪.২০১৭/বি-২০১৯(৭)-বি/তারিখঃ ১৬/০৬/২০১৯  
অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের বাজেট প্রণয়ন, পরীক্ষা-নিরীক্ষা, প্রাক্কলন প্রস্তুত ও অনুমোদন করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি বাজেট ব্যবস্থাপনা কমিটি গঠন করা হল :

১. নিবন্ধক ও মহাপরিচালক - সভাপতি  
সমবায় অধিদপ্তর, ঢাকা
২. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) - সদস্য  
সমবায় অধিদপ্তর, ঢাকা
৩. যুগ্ম-নিবন্ধক - সদস্য  
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা  
ও  
প্রকল্প পরিচালক  
দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও  
মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ শীর্ষক প্রকল্প।
৪. যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), - সদস্য  
সমবায় অধিদপ্তর, ঢাকা
৫. উপ-নিবন্ধক (ফাইন্যান্স), - সদস্য সচিব  
সমবায় অধিদপ্তর, ঢাকা

#### কমিটির কার্যপরিধি (TOR)

##### কৌশলগত

১. অধিদপ্তর/সংস্থার বাজেটের সঙ্গে সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিসমূহ যেমনঃ বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, মন্ত্রণালয়/বিভাগ সম্পর্কিত নীতি-পরিকল্পনা, সংশ্লিষ্ট খাতভিত্তিক নীতি-পরিকল্পনা ইত্যাদির সংযোগসাধনের বিষয়টি পর্যালোচনাপূর্বক অধিদপ্তর/সংস্থার বাজেট কাঠামো অনুমোদন;
২. অধিদপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) সাথে সংগতিসাধনপূর্বক বাজেট কাঠামো অনুমোদন;
৩. সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতি-পরিকল্পনায় সামাজিক খাতে বিশেষত দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়নে ব্যয় বৃদ্ধি নিশ্চিতকরণ; এবং
৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) প্রয়োজনীয় ব্যয় বাজেট কাঠামোয় অন্তর্ভুক্তকরণের বিষয়টি পরীক্ষাপূর্বক অনুমোদন।

##### বাজেট পর্যালোচনা, অনুমোদন ও প্রতিবেদন প্রস্তুত

৫. অধিদপ্তর/সংস্থার রাজস্ব আয়, পরিচালন ও উন্নয়ন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন;
৬. বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)-সহ অধিদপ্তর/সংস্থার বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) অনুমোদন;
৭. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে প্রাপ্তব্য সহায়তা ও matching স্থানীয় অর্থের প্রাক্কলন প্রণয়ন ও সে অনুযায়ী প্রকৃত প্রাপ্তি ও ব্যবহার পর্যবেক্ষণ; এবং
৮. ত্রৈমাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।

**প্রতিবেদন প্রস্তুত, মূল্যায়ন, নিরীক্ষা ও বিবিধ**

৯. ফলাফল নির্দেশক (output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন অনুমোদন;
১০. বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
১১. অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
১২. বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণসহ আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোনো দায়িত্ব পালন;
১৩. বাজেট ব্যবস্থাপনা কমিটি এবং বাজেট ওয়ার্কিং গ্রুপের কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) মূল্যায়ন করার ক্ষেত্রে যৌথ Peer Review- দলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

**অন্যান্য**

১৪. অধিদপ্তর/সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি বছরে কমপক্ষে ৮ (আট) বার সভায় মিলিত হবে। তবে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি প্রয়োজনে যে-কোন সময় সভা আহ্বান করতে পারবেন; এবং
১৫. সভার কার্যবিবরণী অবশ্যই মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা অনুবিভাগ/অধিশাখা/শাখায় প্রেরণ করতে হবে।

*১২/১০/১৭*

মোঃ রাশিদুল ইসলাম

নিবন্ধক ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সমবায় অধিদপ্তর, ঢাকা

ফোন : ০২-৪৮১১৯৩০৫

e-mail: reg.dg@coop.gov.bd

**বিতরণ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় ) :**

- ১। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা ও প্রকল্প পরিচালক, দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ শীর্ষক প্রকল্প।
- ৩। যুগ্ম-নিবন্ধক (পরিচালনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপ-নিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৫। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। সংশ্লিষ্ট নথি।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি :**

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃ: আ:- জনাব নূরুন নাহার

উপসচিব (বাজেট)।